## সেবাসমূহ

সমবায় অধিদপ্তরের সেবা ও দায়িত্বসমূহ নিম্নরূপে বিভাজন করা হয়েছে।

- বিধিবদ্ধ ।
- বিচারক।
- উন্নয়নমূলক
- সম্প্রসারণমূলক।

## বিধিগত দায়িত্বসমূহ

- নিবন্ধন প্রদান ।
- অকার্যকর সমিতি অবসায়ন ও বাতিলকরণ।
- বার্ষিক নিরীক্ষা সম্পাদন।
- নিবন্ধিত সমবায় সমিতিসমূহ পরিদর্শন।
- প্রয়োজনীয় তদন্ত কার্য সম্পাদন।

## আধাবিচারিক দায়িত্বসমূহ

- বিরোধ মামলা নিষ্পত্তি।

## উন্নয়নমূলক কার্যক্রম

- ব্যবস্থাপনা ও ব্যবসায়িক উন্নয়নে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান।
- আত্মকর্মসংস্থানে সহযোগিতা প্রদান।
- সমবায় সমিতি পরিচালনায় পরামর্শ প্রদান।

## কার্যাবলি (Functions)

- ➢ সমবায় আইন ও বিধি মোতাবেক সমবায় সমিতি গঠন, নিবন্ধন ও তত্ত্বাবধান করা।
- ➢ নিবন্ধিত সমবায় সমিতির নিরীক্ষা ও পরিদর্শনের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিত করা।
- ➢ সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পেশাগত মান বৃদ্ধি করা।
- ➢ সমবায় সদস্যবৃন্দকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা।
- ➢ সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা।
- ➢ সমবায় ভিত্তিক উন্নয়ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- ➢ ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে সমবায় ভিত্তিক ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, সমবায়ী কৃষি খামার সৃষ্টি, দুগ্ধ ও অন্যান্য সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা এবং উদ্যোক্তা সৃষ্টি করা।
- ➢ সমবায় কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন।
- ➢ সমবায় বাজার প্রতিষ্ঠার মাধ্যমে সমবায়ী পণ্য বাজারজাতকরণে সহযোগিতা করা।

<u>নিবন্ধন ও উপ-আইন সংশোধনঃ</u>

- ➢ বৈধ উপায়ে নিজেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নুন্যতম ২০(বিশ) জন একক ব্যক্তি সমন্বয়ে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়।
- ➢ সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার সুনির্দিষ্ট বিধানাবলী সমন্বিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তীতে প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধনী নিবন্ধন করা হয়।
- ➢ সরকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন এবং আশ্রয়হীনদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০/- (তিনশত) টাকা নিবন্ধন ফি জমা দিতে হয়।
- ➢ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে স্বেচছায় বা সরকারী কর্মসূচীর আওতায় গঠিত প্রাথমিক সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে তিন হাজার টাকা, ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি নিবন্ধনের জন্য কমপক্ষে এক কোটি টাকা এবং অন্যান্য প্রাথমিক সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে বিশ হাজার টাকা পরিশোধিত মূলধন থাকতে হয়।

**ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন, বিরোধ নিষ্পত্তি ও অবসায়নঃ**

**ব্যবস্থাপনা:**

- সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নির্বাচন করতে ব্যর্থ হলে জেলা সমবায় অফিসার আইনের আওতায় অমতবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করেন।

**অডিট:**

- জেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক হিসাব নিরীক্ষা (অডিট) সম্পাদন করা হয়।

**পরিদর্শন:**

- সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম জেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদমেতর মাধ্যমে নিষ্পত্তি করেন।

**বিরোধ নিষ্পত্তি:**

- প্রাথমিক সমিতির নির্বাচনসহ যে কোন সৃষ্ট বিরোধ জেলা সমবায় অফিসারের নিকট দায়ের করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায় বিচার, সমতা ও সুবিবেচনা প্রসুতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংক্ষুব্ধ হলে বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপীল করতে পারেন। বিরোধ এবং আপীলের সাথে ১০০/- (একশত) টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হয়।

**অবসায়ন:**

- প্রাথমিক সমিতি কার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে জেলা সমবায় অফিসার সমিতিকে অবসায়ন করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন।

**প্রশিক্ষণ:**

- কুমিললা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে অবস্থিত দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী এবং কুষ্টিয়া, নওগাঁ ও রংপুর জেলার আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনষ্টিটিউটে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়।

**ভ্রাম্যমান প্রশিক্ষণ:**

- জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট সমিতিতে গিয়ে সদস্যদের প্রশিক্ষণ দিয়ে থাকে।

**কম্পিউটার প্রশিক্ষণ:**

- সমবায় অধিদপ্তরের ঢাকাস্থ সদর কার্যালয় এবং বাংলাদেশ সমবায় একাডেমীতে ও কুষ্টিয়া, নওগাঁ এবং রংপুর আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনষ্টিটিউটে অবস্থিত অত্যাধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে সদস্য ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের আধুনিক তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।

**অভিযোগ নিষ্পত্তিঃ**

- কোন অভিযোগ থাকলে জেলা সমবায় অফিসার এর নিকট দাখিল করলে তা নিষ্পত্তি করা হয়ে থাকে।